



ফিশারীজ অনুষদ

রাজশাহী বিশ্ববিদ্যালয়

জানুয়ারী-জুন ২০২৪ সেশনে এম. এস. (বহিরাগত শিক্ষার্থী) ভর্তি বিজ্ঞপ্তি


রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ফিশারীজ অনুষদের অন্তর্গত ফিশারীজ বিভাগে ৪টি স্ট্রীমে (এম. এস. ইন ফিশারীজ বায়োলজি এন্ড জেনেটিক্স, এম. এস. ইন একুয়াকালচার, এম. এস. ইন ফিশারীজ ম্যানেজমেন্ট ও এম. এস. ইন ফিশারীজ টেকনোলজি) জানুয়ারী-জুন ২০২৪ সেশনে এম.এস. ১ম সেমিস্টারে ১১ টি শূণ্য আসনে ভর্তি হতে আগ্রহী প্রার্থীদের নিকট থেকে নিম্নে বর্ণিত যোগ্যতা ও শর্তপূরণ সাপেক্ষে নির্ধারিত ফর্মে দরখাস্ত আহ্বান করা হচ্ছে। ফর্ম রাজশাহী বিশ্ববিদ্যালয় ওয়েবসাইট (www.ru.ac.bd) অথবা অনুষদীয় অফিস থেকে সংগ্রহ করা যাবে।

যোগ্যতা:

- রাজশাহী বিশ্ববিদ্যালয় ব্যতিত অন্য যে কোন পাবলিক বিশ্ববিদ্যালয় অথবা রাজশাহী বিশ্ববিদ্যালয় অধিভুক্ত কলেজ/ইসটিটিউট থেকে চার বছর মেয়াদী বি.এস-সি. ফিশারীজ (অনার্স) ডিগ্রী অর্জনকারী আবেদন করতে পারবে।
- আবেদনকারী প্রার্থীকে অনার্সে ন্যূনতম সিজিপিএ ৩.০০ (৪ স্কেলে) থাকতে হবে।
- আবেদনকারী প্রার্থী অনার্স পাশের ২ বছরের মধ্যে আবেদন করতে পারবে।

শর্তাবলী:

- যথাযথভাবে পূরণকৃত প্রাথমিক আবেদনপত্র আগামী ০১/১২/২০২৪ তারিখ রবিবার বিকাল ৪ ঘটিকার মধ্যে অনুষদীয় কার্যালয়ে নগদ ১০০০/- (এক হাজার) টাকা জমা দিয়ে পরীক্ষায় অংশ নেয়ার জন্য প্রবেশপত্র সংগ্রহ করতে হবে।
- আবেদন পত্রের সাথে শিক্ষাগত যোগ্যতার সকল সার্টিফিকেট, মার্ক সার্টিফিকেট, শেষ শিক্ষা প্রতিষ্ঠানের প্রশংসা পত্রের সত্যায়িত কপি এবং ২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি ফর্মের সঙ্গে সংযুক্ত করে জমা দিতে হবে।
- ২ ডিসেম্বর ২০২৪ তারিখ সোমবার সকাল ১০-১১ ঘটিকায় (১ ঘন্টা) ফিশারীজ অনুষদে অনুষ্ঠিতব্য লিখিত পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে। বি.এস-সি ফিশারীজ (অনার্স) এর পাঠ্যক্রমের উপর ১০০ নম্বরের সংক্ষিপ্ত প্রশ্ন উত্তর পদ্ধতিতে পরীক্ষা অনুষ্ঠিত হবে।
- ভর্তি পরীক্ষায় পাশ করার জন্য ৪০% নম্বর পেতে হবে। ভর্তি পরীক্ষার প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধাক্রম অনুযায়ী ফলাফল প্রকাশ করা হবে।
- লিখিত পরীক্ষায় অংশ গ্রহণকারী প্রার্থীদের ফলাফল ২ ডিসেম্বর ২০২৪ তারিখ সোমবার বিকাল ৩:০০ ঘটিকায় প্রকাশ করা হবে। ঐ দিনই সাক্ষাতকার গ্রহণ করা হবে। সাক্ষাতকারের সময় সকল সার্টিফিকেট, মার্ক সার্টিফিকেট ও অন্যান্য দলিলাদির মূল কপি সাথে নিয়ে আসতে হবে এবং প্রদর্শন করতে হবে।
- সাক্ষাতকার শেষে মেধাক্রমের ভিত্তিতে নির্ধারিত আসনে নির্বাচিত প্রার্থীদেরকে ভর্তির জন্য সুপারিশ করা হবে।
- আবেদনকারীদের নিজ নিজ বিশ্ববিদ্যালয় হতে সংগৃহীত মাইগ্রেশন সার্টিফিকেট ভর্তির সময় জমা দিতে হবে।
- ভর্তি সংক্রান্ত যাবতীয় বিষয়াবলী পরিবর্তন, পরিমার্জন বা সম্পূর্ণ বাতিলের ক্ষমতা অনুষদ কর্তৃক সংরক্ষিত।


২৫/১২/২০২৪

(প্রফেসর ড. মো. মোস্তাফিজুর রহমান মন্ডল)

আহবায়ক

এম. এস. (বহিরাগত শিক্ষার্থী) ভর্তি উপ-কমিটি ২০২৪ ও

ডীন

ফিশারীজ অনুষদ, রাজশাহী বিশ্ববিদ্যালয়।